

🗏 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫: ২৭

💵 আরবি মূল আয়াত:

وَ الجَآنَّ خَلَقنٰهُ مِن قَبلُ مِن نَّارِ السَّمُومِ ﴿٢٧﴾

আর ইতঃপূর্বে জিনকে সৃষ্টি করেছি উত্তপ্ত অগ্নিশিখা থেকে। — আল-বায়ান

এর পূর্বে আমি জ্বীনকে আগুনের লেলিহান আগুন থেকে সৃষ্টি করেছি। — তাইসিরুল

এর পূর্বে সৃষ্টি করেছি জিনকে, প্রখর শিখাযুক্ত অগ্নি হতে। — মুজিবুর রহমান

And the jinn We created before from scorching fire. — Sahih International

২৭. আর এর আগে আমরা সৃষ্টি করেছি জিনদেরকে অতি উষ্ণ(১) নির্ধুম আগুন থেকে।

(১) سموم বলা হয় গরম বাতাসকে। [বাগভী] আর আগুনকে সামুমের সাথে সংযুক্ত করার ফলে এর অর্থ হয় আগুনের প্রখর উত্তাপ। [সা'দী] কুরআনের যেসব জায়গায় জিনকে আগুন থেকে সৃষ্টি করা হয়েছে বলে উল্লেখ করা হয়েছে এ আয়াত থেকে তার সুস্পষ্ট ব্যাখ্যা হয়ে যায়।

তাফসীরে জাকারিয়া

(২৭) আর এর পূর্বে জীনকে সৃষ্টি করেছি ধূমহীন বিশুদ্ধ অগ্নি হতে।[1]

[1] بنار । জীনকে জীন এই কারণেই বলা হয়, যেহেতু তারা মানুষের চোখে অদৃশ্য থাকে। সূরা রাহমান ১৫নং আয়াতে জিনের সৃষ্টি অগ্নিশিখা থেকে বলা হয়েছে এবং সহীহ মুসলিমের একটি হাদীসেও ঐ একই কথাই বলা হয়েছে। এই হিসাবে অগ্নিশিখা ও ধূমহীন বিশুদ্ধ অগ্নি থেকে উদ্দেশ্য একই হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1829

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন